# ফাল্গুন

রবীন্দ্রনাথ ঠাকুর



ফাল্গুনে বিকশিত কাঞ্চন ফুল,
ডালে ডালে পুঞ্জিত আম্র মুকুল ।
চঞ্চল মৌমাছি গুঞ্জরি গায়,
বেণুবনে মর্মরে দক্ষিণ বায় ।
স্পন্দিত নদীজল ঝিলিমিলি করে,
জ্যোৎস্নার ঝিকিমিকি বালুকার চরে ।
নৌকা ডাঙায় বাঁধা কান্ডারী জাগে,

পুর্ণিমা রাত্রির মত্ততা লাগে ।
খেয়াঘাটে ওঠে গান অশ্বত্থ তলে,
পান্থ বাজায় বাঁশি আনমনে চলে ।
ধায় যে বংশীরব বহুদূর গাঁয়,
জনহীন প্রান্তর পার হয়ে যায় ।

**নিজে করো**

1. কবিতাটি মুখস্ত করো ও আবৃত্তি করো ।
2. জাগে — লাগে শব্দ দুটিতে মিল আছে । তেমনি তলে – চলে শব্দ দুটিতে ও মিল আছে । নিচের শব্দগুলির সঙ্গে মিল দেওয়া যায় এমন একটি করে শব্দ ভেবে বলো —

   হাসি, জলে, পাতা, কাজে, আলো ।
3. **খালি জায়গাগুলি পুরো করো —**

   **.................................................................... বাজায়ে বাঁশি আনমনে চলে ।**

   **ডালে ডালে পুঞ্জিত .................................................................. মুকুল ।**

   **বেণুবনে .................................................................................. দক্ষিণ বায় ।**

   **স্পন্দিত নদীজল ...................................................................... করে ।**
4. **উত্তর দাও —**

   কাঞ্চন ফুল কোন মাসে ফোটে ?
   আমের গাছে কোন মাসে মুকুল হয় ?
   ঐ সময় কোন্ দিক থেকে হাওয়া বয় ?
   নৌকা ডাঙায় বাঁধা কেন ?

5. ব্যবহার শেখো —

(ক) ঝিলি মিলি জল ঝিকমিকে বালি

ঘুটঘুটে আঁধার চকচকে নুড়ি

থকথকে কাদা ভুসভুসে মাটি

ঝিরঝিরে বৃষ্টি কন্‌কনে ঠান্ডা

**(খ) নিচের কথাগুলির পাশে উপযুক্ত রঙ - এর নাম লেখো —**

ধবধবে ........................... । কুচকুচে ........................... ।

টুকটুকে ........................... ।

**পড়ো ও শেখো —**

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| (ক) ম | + | ব | = | ম্ব | – | আম্র, | তাম্র, | সম্রাট । |
| ঞ | + | জ | = | ঞ্জ | – | পুঞ্জিত, | সঞ্চয়, | রঞ্জিত । |
| ল | + | গ | = | ল্গ | – | ফাল্গুন, | ফল্গু, | বল্গা । |
| স | + | প | = | স্প | – | স্পন্দিত, | স্পষ্ট | স্পর্ধা । |
| স | + | ন | = | স্ন | – | জ্যোৎস্না, | স্নান, | স্নেহ । |
| ন | + | থ | = | ন্থ | – | পান্থ, | গ্রন্থ, | কন্থা । |

(খ) কাঞ্চন, চঞ্চল, পুঞ্জিত, গুঞ্জরি, মর্মর, কান্ডারী,

মত্ততা, অশত্থ, প্রান্তর